



স্মারক নম্বর-০৩.০৭.০০০০.৬৬২.৬৮.০৫৬.২০২১-

বিষয়ঃ “ফ্রেন্ডশিপ” নামীয় সংস্থার জরুরী ত্রাণ (এফডি-৭) “The project for procurement of medical equipment for pathological tests and dental care in Bhasan Char Island, Noakhali District” শীর্ষক প্রকল্প অনুমোদনসহ অর্থছাড়।

সূত্রঃ সংস্থার ১৯ মার্চ ২০২৩ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে তঁর সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রকল্পটি ১৫ মার্চ/২৩ থেকে ১৪ জুলাই/২৩ খ্রিঃ মেয়াদে মোট ৪৯,০৭,৭১০/- (উনপঞ্চাশ লক্ষ সাত হাজার সাতশত দশ) টাকা ব্যয়ে নিম্নোক্ত শর্তে অনুমোদনসহ উক্ত অর্থ দাতা সংস্থা “The Embassy of Japan in Bangladesh” এর নিকট হতে কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, গুলশান শাখা, ৪৯ গুলশান এভিনিউ, ঢাকা, হিসাব নম্বর-১৮০৪০১২৪৫৩ (মাদার একাউন্ট)- এর মাধ্যমে গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- ১ অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী নিয়ে জেলা প্রশাসক, নোয়াখালীর ভাসানচরস্থ জেলা প্রশাসকের প্রতিনিধির নিকট রিপোর্ট করতে হবে।
- ২ প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরো’র কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরিত এফডি-৭ এ কপি আবশ্যিকভাবে শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার/তঁর ভাসানচরস্থ প্রতিনিধি এবং জেলা প্রশাসক, নোয়াখালী/ভাসানচরস্থ জেলা প্রশাসকের প্রতিনিধির নিকট দাখিল করতে হবে।
- ৩ প্রকল্পভুক্ত কর্মীদের তালিকা শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, নোয়াখালী এর ভাসানচরস্থ অফিস প্রধানের নিকট দাখিল করতে হবে। তালিকায় উল্লিখিত কর্মী ব্যতীত অতিরিক্ত কোন কর্মীকে প্রকল্প কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে না।
- ৪ ত্রাণ কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/স্বৈচ্ছাসেবকদের শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র ব্যবহার করতে হবে।
- ৫ শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, নোয়াখালীর ভাসানচরস্থ প্রতিনিধির নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তি স্বীকারপত্র ১৫ দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।
- ৬ কর্মসূচি বাস্তবায়নের ১৫ (পনের) দিনের মধ্যে সমাপনী প্রতিবেদন ও ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।
- ৭ ভাসানচরস্থ রোহিংগা ক্যাম্পের ক্যাম্প ইনচার্জ/RRRC এর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি প্রকল্প কার্যক্রম শেষে এনজিও’র অনুকূলে অনলাইনে জেলা প্রশাসক, নোয়াখালীর নিকট প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৮ জেলা প্রশাসক, নোয়াখালী, ভাসানচরস্থ শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি/ক্যাম্প ইনচার্জের এর নিকট হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের আলোকে অনলাইনে মাহপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো এবং প্রত্যয়নপত্রের অনুলিপি অনলাইনে এনজিও প্রধানের অনুকূলে প্রেরণ করবেন।
- ৯ চিকিৎসা এবং জরুরী সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোনো এনজিও সন্ধ্যার পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবে না। সে ক্ষেত্রেও ক্যাম্প ইনচার্জ এর অনুমতিক্রমে তা বাস্তবায়ন করতে হবে।
- ১০ এনজিওসমূহের কার্যক্রম ব্যুরো কর্তৃক অনুমোদিত প্রকল্পের মধ্যে সীমাবদ্ধ থাকবে।
- ১১ সংস্থা/প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/প্রত্যাবাসন বিরোধী কোন কর্মকাণ্ডে জড়িত হলে সংস্থার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২ জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলার অনুযায়ী যথারীতি আয়কর/ভ্যাট প্রদান করতে হবে।
- ১৩ FDMN-দের মধ্যে কোন প্রকার নগদ অর্থ বিতরণ করা যাবে না।
- ১৪ প্রকল্পের বিস্তারিত বাজেট সংস্থার নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

সিরাজুল ইসলাম খান
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)

ফোনঃ ৫৫০০৭৩৯৪

email: ao5@ngoab.gov.bd

নির্বাহী পরিচালক

ফ্রেন্ডশিপ

কে-১৪/২-এ, নর্থ বারিধারা রোড (কালচাঁদপুর), গুলশান, ঢাকা।

স্মারক নম্বর-০৩.০৭.০০০০.৬৬২.৬৮.০৫৬.২০২১- **৭০২**

তারিখঃ ২৯/০৩/২০২৩ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা/পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা/সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ/সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ০৩। শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
- ০৪। প্রকল্প পরিচালক, আশ্রয়ন প্রকল্প-৩, ভাসানচর, হাতিয়া, নোয়াখালী।
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। ক্যাম্প ইনচার্জ, ভাসানচর, এফডিএমএন ক্যাম্প, হাতিয়া, নোয়াখালী/উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া, নোয়াখালী।
- ০৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৮। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ০৯। ম্যানেজার, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, গুলশান শাখা, ৪৯ গুলশান এভিনিউ, ঢাকা [তাকে ৪৯,০৭,৭১০/- (উনপঞ্চাশ লক্ষ সাত হাজার সাতশত দশ) টাকা সংস্থাকে প্রদান করার জন্য অনুরোধ করা হলো।]।
- ১০। অফিস কপি।

সিরাজুল ইসলাম খান
এসাইনমেন্ট অফিসার

